

বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার পেলেন ৭ বরণ্য সাহিত্যিক

যুগান্তর রিপোর্ট

বাংলা একাডেমির সাহিত্য পুরস্কার-২০১৪ লাভ করেছেন ৭ জন বরণ্য সাহিত্যিক। বৃহস্পতিবার বিকালে এক সংবাদ সম্মেলনে এই পুরস্কার ঘোষণা করা হয়। আগামী ১ ফেব্রুয়ারি অমর একুশে বইমেলায় উদ্বোধনী অনুষ্ঠানে পুরস্কারীদের হাতে প্রধানমন্ত্রী পুরস্কার তুলে দেবেন। পুরস্কারপ্রাপ্তরা হলেন— কবিতায় শিহাব সরকার, কথা সাহিত্যে জাকির হান্নান, প্রবন্ধে শামসুজ্জামান খান, গবেষণায় ভূইয়া ইকবাল, মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্যে আবু মোহাম্মদ দেলোয়ার হোসেন, আত্মজীবনী ও ভ্রমণসাহিত্যে মঈনুল সুলতান এবং শিশু সাহিত্যে খালেদ বিন জয়েনউদ্দীন। মোট ১০ কাটাগরিতে প্রতিবছর এ পুরস্কার দেয়া হলেও যোগ্য প্রার্থী না পাওয়ায় এবার তিন কাটাগরিতে পুরস্কার দেয়া হয়নি। এগুলো হচ্ছে— অনুবাদ, নাটক, বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ।

বিকাল সাড়ে ৪টার দিকে বাংলা একাডেমির নতুন ভবনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে মহাপরিচালক শামসুজ্জামান খান জানান, এবার একটু রীতি ভেঙে পুরস্কারের সময় এগিয়ে আনা হয়েছে। প্রতিবছর ফেব্রুয়ারি মাসের ১৭-১৮ তারিখ পুরস্কার ঘোষণা এবং ফেব্রুয়ারি ২২ থেকে ২৬ ফেব্রুয়ারির মধ্যে পুরস্কার তুলে দেয়া হতো। কিন্তু এ বছর থেকে জানুয়ারি মাসের শেষ সপ্তাহে পুরস্কার ঘোষণা এবং বইমেলা উদ্বোধনী অনুষ্ঠানে পুরস্কার তুলে দেয়া হবে। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন একাডেমির সচিব আলতাফ হোসেন, পরিচালক অপরেশ কুমার ব্যানার্জী, আবদুল হাই, ড. জালাল আহমেদ, ড. মোহাম্মদ মিজানুর রহমান, জনসংযোগ উপবিভাগের উপপরিচালক মুর্শিদুদ্দিন আহমদ প্রমুখ। শামসুজ্জামান খান জানান, পুরস্কারপ্রাপ্ত সবাইকে ১ লাখ টাকা এবং বাংলা একাডেমির সম্মাননা ক্রেস্ট ও সনদ দেয়া হবে।

এছাড়া আগামী ৩১ জানুয়ারি অমর একুশে উদযাপন, অমর একুশে বইমেলা ও আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন ২০১৫ বিষয়ে বেলা সাড়ে ১১টায় বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে।